



ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

সদর দফতর, রমনা, ঢাকা-১০০০

ফোন : ৯৫৬৬৩৩৬, ৯৫৫৯৪৮৫, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬২৪৪৭

E-mail : info.iebhq@gmail.com, Website : www.iebbd.org

সূত্র নং : সদ/আইইবি/জি/বিবিধ/২০১৫/১৪২৩

তারিখ : ১৩/০৮/২০১৫

ড. শিরিন শারমিন চৌধুরী, এমপি

মাননীয় স্পীকার

বাংলাদেশ জাতীয় সংসদ

সংসদ ভবন, পশ্চিম ব্লক

কক্ষ নং-৫২১-৫২৩, লেভেল-৫

শেরে বাংলা নগর, ঢাকা।

বিষয় : মাননীয় সংসদ সদস্য কর্তৃক উখিয়া উপজেলা প্রকৌশলী লাঞ্চিত হওয়ায় ন্যায় সঙ্গত বিচার প্রার্থনা।

মহাত্মন,

সশ্রদ্ধ সালাম নিবেন।

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এ দেশের প্রকৌশলীদের প্রতিনিধিত্বকারী জাতীয় প্রতিষ্ঠান। সরকারের জাতীয় পরিকল্পনা বাস্তবায়নে ও মাঠ পর্যায়ে অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে এদেশের জাতীয় অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রেখে আসছে। তাদের জন্য কর্মের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা সরকার ও সংশ্লিষ্ট সকলের দায়িত্ব। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় গত ১২ আগস্ট ২০১৫ তারিখ বেলা ১১:০০টায় উখিয়া উপজেলা পরিষদ কম্পাউন্ডে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা ছিল। উক্ত সভায় উপজেলা প্রকৌশলী মোস্তফা মিনহাজ তার দপ্তরের কিছু প্রয়োজনীয় জরুরী কাজ থাকায় পাঁচ মিনিট বিলম্বে সভায় উপস্থিত হন। সভায় উপস্থিত হওয়ার পর কক্সবাজারের সরকার দলীয় সংসদ সদস্য আবদুর রহমান বদি তাঁর গালে সজোরে থাপ্পড় মারেন এবং শার্টের কলার ধরে টানাহেঁচড়া করেন। যা ১৩/০৮/২০১৫ তারিখের অধিকাংশ দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে (সংযুক্ত)। এমন অশালীন আচরণ নিতান্তই অনাকাঙ্ক্ষিত ও অগ্রহণযোগ্য। একজন মাননীয় সংসদ সদস্যের এহন অসদাচরণে এদেশের প্রকৌশলী সমাজ তীব্র নিন্দা, ক্ষোভ ও প্রতিবাদ জানাচ্ছে। একজন দায়িত্বশীল ও সম্মানীয় জন-প্রতিনিধির এমন গর্হিত কাজে সমগ্র প্রকৌশলী সমাজ মর্মান্বিত।

মাননীয় সংসদ সদস্যের এমন অনৈতিক ও অনিয়মতান্ত্রিক কর্মকাণ্ডের ফলে দেশের জাতীয় উন্নয়ন ও অগ্রগতি বাধাগ্রস্ত হচ্ছে বলে আইইবি মনে করে। এ ধরনের অহেতুক ঘটনা ও ঘৃণিত আচরণ সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে এবং মাঠ পর্যায়ে প্রকৌশলীদের কাজের উপযুক্ত পরিবেশ বাধাগ্রস্ত হচ্ছে বলে প্রকৌশলী সমাজ মনে করে।

আপনি জাতীয় সংসদের অভিভাবক হিসেবে সংসদ সদস্য কর্তৃক এহন কর্মকাণ্ডের সুষ্ঠু তদন্ত সাপেক্ষে ন্যায়-সঙ্গত বিচার করে প্রকৌশলী সমাজের ক্ষোভ প্রশমনে সহায়তা করবেন।

প্রকৌশলী মিয়া মোহাম্মদ কাইউম

সম্মানী সাধারণ সম্পাদক

বিতরণ : সদয় জ্ঞাতার্থে

১। প্রেসিডেন্ট, আইইবি

২। ভাইস-প্রেসিডেন্ট (একা. ও আন্তর্জাতিক)/(প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/(এস এন্ড ডব্লিউ), আইইবি

৩। সম্মানী সহকারী সাধারণ সম্পাদক (একা. ও আন্তর্জাতিক)/(প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/(এস এন্ড ডব্লিউ), আইইবি



ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ

সদর দফতর, রমনা, ঢাকা-১০০০

ফোন : ৯৫৬৬৩৩৬, ৯৫৫৯৪৮৫, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬২৪৪৭

E-mail : info.iebhq@gmail.com, Website : www.iebbd.org

সূত্র নং : সদ/আইইবি/জি/বিবিধ/২০১৫/১৪২৪

তারিখ : ১৩/০৮/২০১৫

ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন, এমপি
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : মাননীয় সংসদ সদস্য কর্তৃক উখিয়া উপজেলা প্রকৌশলী লাক্ষিত হওয়ায় ন্যায় সঙ্গত বিচার প্রার্থনা।
মহাত্মন,

সশ্রদ্ধ সালাম নিবেন।

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এ দেশের প্রকৌশলীদের প্রতিনিধিত্বকারী জাতীয় প্রতিষ্ঠান। সরকারের জাতীয় পরিকল্পনা বাস্তবায়নে ও মাঠ পর্যায়ে অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে এদেশের জাতীয় অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রেখে আসছে। তাদের জন্য কর্মের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা সরকার ও সংশ্লিষ্ট সকলের দায়িত্ব। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় গত ১২ আগস্ট ২০১৫ তারিখ বেলা ১১:০০টায় উখিয়া উপজেলা পরিষদ কম্পাউন্ডে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা ছিল। উক্ত সভায় উপজেলা প্রকৌশলী মোস্তফা মিনহাজ তার দপ্তরের কিছু প্রয়োজনীয় জরুরী কাজ থাকায় পাঁচ মিনিট বিলম্বে সভায় উপস্থিত হন। সভায় উপস্থিত হওয়ার পর কক্সবাজারের সরকার দলীয় সংসদ সদস্য আবদুর রহমান বদি তাঁর গালে সজোরে থাপ্পড় মারেন এবং শার্টের কলার ধরে টানাহেঁচড়া করেন। যা ১৩/০৮/২০১৫ তারিখের অধিকাংশ দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে (সংযুক্ত)। এমন অশালীন আচরণ নিতান্তই অনাকাঙ্ক্ষিত ও অগ্রহণযোগ্য। একজন মাননীয় সংসদ সদস্যের এহন অসদাচরণে এদেশের প্রকৌশলী সমাজ তীব্র নিন্দা, ক্ষোভ ও প্রতিবাদ জানাচ্ছে। একজন দায়িত্বশীল ও সম্মানীয় জন-প্রতিনিধির এমন গর্হিত কাজে সমগ্র প্রকৌশলী সমাজ মর্মান্বিত।

মাননীয় সংসদ সদস্যের এমন অনৈতিক ও অনিয়মতান্ত্রিক কর্মকাণ্ডের ফলে দেশের জাতীয় উন্নয়ন ও অগ্রগতি বাধাগ্রস্ত হচ্ছে বলে আইইবি মনে করে। এ ধরনের অহেতুক ঘটনা ও ঘৃণিত আচরণ সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে এবং মাঠ পর্যায়ে প্রকৌশলীদের কাজের উপযুক্ত পরিবেশ বাধাগ্রস্ত হচ্ছে বলে প্রকৌশলী সমাজ মনে করে।

আপনার মন্ত্রণালয়ের অধীন একজন উপজেলা প্রকৌশলীকে সংসদ সদস্য কর্তৃক এহন কর্মকাণ্ডের সূচ্য তদন্ত সাপেক্ষে ন্যায়-সঙ্গত বিচার করে প্রকৌশলী সমাজের ক্ষোভ প্রশমনে সহায়তা করবেন।

প্রকৌশলী মিয়া মোহাম্মদ কাইউম

সম্মানী সাধারণ সম্পাদক

বিতরণ : সদয় জ্ঞাতার্থে

- ১। প্রেসিডেন্ট, আইইবি
- ২। ভাইস-প্রেসিডেন্ট (একা. ও আন্তর্জাতিক)/(প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/(এস এন্ড ডব্লিউ), আইইবি
- ৩। সম্মানী সহকারী সাধারণ সম্পাদক (একা. ও আন্তর্জাতিক)/(প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/(এস এন্ড ডব্লিউ), আইইবি

বিতরণ : সদয় জ্ঞাতার্থে

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি।